গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
(শারীরিক শিক্ষা বিভাগ)
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৭৫২(৫৪) তারিখ: ২৬/০৫/২০২১খ্রিঃ

**বিষয়: মাধ্যমিক স্তরের (মাধ্যমিক, নিম্নমাধ্যমিক, দাখিল ও ভোকেশনাল) সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের বার্ষিক ক্রীড়াসূচি ও কর্ম-পরিকল্পনা সমূহ বাস্তবায়ন।**

০১। কোভিড-১৯ পরিস্থিতিতে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বর্তমানে বন্ধ আছে। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুললে ক্রীড়া কার্যক্রম শুরু করার সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। এজন্য প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের শারীরিক শিক্ষা বিভাগ, ক্রীড়াকক্ষ, কমনরুম (যদি থাকে) ধুয়েমুছে, জীবাণুনাশক স্প্রে এবং পরিস্কার পরিচ্ছন্ন করে ক্রীড়া কার্যক্রম শুরু করার প্রস্তুতি গ্রহণ করতে হবে। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের জিমনেশিয়াম, খেলার মাঠ ইত্যাদিকে ক্রীড়া কার্যক্রম চালু করার উপযোগী করে তুলতে হবে।

০২। শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম চালু হলে ক্লাস শুরুর পূর্বে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্য বিধি বজায় রেখে দৈনিক সমাবেশ এবং জাতীয় সংগীত পরিবেশন বাধ্যতামূলক ভাবে করতে হবে।

০৩। সকল শিক্ষা প্রতিষ্ঠানে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার সময়সূচি নির্ধারণ করে শারীরিক শিক্ষা বিভাগকে অবহিত করতে হবে।

০৪। গঠনতন্ত্রের অনুচ্ছেদ-4 অনুযায়ী সমিতির আওতাধীন প্রতিষ্ঠানসমূহকে জাতীয় ক্রীড়া প্রতিযোগিতায় (স্কুল,মাদ্রাসা ও কারিগরি) বাধ্যতামূলক ভাবে অংশগ্রহণ করতে হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠান সমূহ গ্রীষ্মকালীন এবং শীতকালীন ক্রীড়ায় অংশগ্রহণের জন্য প্রস্তুতি মূলক কার্যক্রম অব্যাহত রাখবে।

০৫। সকল শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীদের স্বাধীনতা দিবস, বিজয় দিবস, যুবদিবস, জাতীয় ক্রীড়া দিবস (০৬ এপ্রিল), জাতীয় শিশু দিবসে (বঙ্গবন্ধুর জন্মদিন) খেলাধুলার আয়োজন করার বিষয়টি নিশ্চিত করতে হবে।।

০৬। **শিক্ষা প্রতিষ্ঠানের ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি পর্যন্ত বিভিন্ন ক্লাসের ছাত্র-ছাত্রীদের আলাদা আলাদা নিম্নোক্ত ইভেন্টসমূহ নিয়ে বিভিন্ন টিম গঠন পূর্বক শারীরিক শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে।**

| ক্রমিক নং | ইভেন্টসমূহ | টিম গঠন | শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও শারীরিক শিক্ষকের দায়িত্ব |
|---|---|---|---|
| ০১। | ফুটবল, হ্যান্ডবল, কাবাডি, ক্রিকেট, বাস্কেটবল,ভলিবল, হকি, রাগবি | প্রতিটি দলগত খেলায় আন্তর্জাতিক আইন অনুযায়ী খেলোয়াড় এবং অতিরিক্ত খেলোয়াড় নিয়ে টিম গঠন। ছেলে মেয়ে আলাদা টিম গঠন করতে হবে। | প্রতিটি দলগত খেলায় টিম প্রধানের (অধিনায়ক) নামসহ খেলোয়াড়দের নামের তালিকা প্রেরণ। |
| ০২। | ব্যাডমিন্টন,টেবিল টেনিস, আর্চারি | একক এবং দ্বৈত নৈপুণ্যের খেলায় টিম গঠন। ছেলে মেয়ে আলাদা টিম গঠন করতে হবে। | একক এবং দ্বৈত খেলোয়াড়ের নামের তালিকা প্রেরণ। |
| | অ্যাথলেটিক (৩৫টি ইভেন্ট), সাঁতার(১১টি ইভেন্ট) তায়কোয়ান্দো, সাইক্লিং | একক, দ্বৈত এবং দল গত টিম গঠন। ছেলে মেয়ে আলাদা টিম গঠন করতে হবে। ছোট, মধ্যম এবং বড় গ্রুপে বিভক্ত করে টিম গঠন করতে হবে। | একক, দ্বৈত এবং দলগত টিমের (দলনায়কসহ) নামের তালিকা প্রেরণ। |
| ০৩। | দাবা | প্রতিটি ক্লাসে ছেলে এবং মেয়ে আলাদা আলাদা দাবা খেলোয়াড়ের নাম পাঠাতে হবে। | ৬ষ্ঠ থেকে ৮ম ছেলে মেয়ে, ৯ম-১০ম ছেলে মেয়ে যারা দাবা খেলায় উৎসাহী তাদের নামের তালিকা প্রেরণ। |

০৭। প্রতিটি প্রতিষ্ঠান ৬নং কলামে উল্লিখিত খেলা অনুযায়ী কমপক্ষে দুইটি আউটডোর গেম এবং দুইটি ইনডোর গেম এর জন্য টিম গঠন করবে। শারীরিক শিক্ষার শিক্ষক টিম লিডারের দায়িত্ব পালন করবেন। যে প্রতিষ্ঠানে শারীরিক শিক্ষক নেই সে প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান ০১ জন নির্দিষ্ট শিক্ষককে দায়িত্ব দিবেন। টিম লিডারের মোবাইল নম্বরসহ সব টিমের তালিকা শারীরিক শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে। এ বিষয়ে পরবর্তীতে শারীরিক শিক্ষা বিভাগ থেকে টিম গঠনের জন্য সুনির্দিষ্ট ফরম প্রেরণ করা হবে। দাবার জন্য আলাদা টিম বা দল গঠন করতে হবে।

০৮। গঠনতন্ত্রের অনুচ্ছেদ ১৬ এর (খ) অনুযায়ী প্রতিষ্ঠানের সারা বছরের ক্রীড়া কর্মসূচি প্রণয়ন করে একাডেমিক ক্যালেন্ডারে অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে মাউশির শারীরিক শিক্ষা বিভাগ পরবর্তীতে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

০৯। সারা বাংলাদেশে শারীরিক শিক্ষার শিক্ষকদের একটা ডাটা বেইজ তৈরী করতে হবে। এ জন্য লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম বা এলএমএস সমৃদ্ধ একটি ওয়েবসাইট করে শিক্ষকদের যুক্ত করতে হবে। ওয়েবসাইটের মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের শরীরচর্চা, স্বাস্থ্য সুরক্ষা ইত্যাদি বিষয়ে শিক্ষাদান, প্রশিক্ষণ প্রদান করা যাবে। এছাড়াও প্রায় ৩০ হাজার শারীরিক শিক্ষার শিক্ষককে অনলাইন রিফ্রেসার কোর্স এবং বিভিন্ন খেলার কোচ হওয়ার প্রশিক্ষণ প্রদান করা যাবে। এ বিষয়ে একটি তথ্য ফরম প্রেরণ করা হবে। যা পূরণ করে শারীরিক শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে।

১০। প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে স্কাউট দল, রোভার স্কাউট, বিএনসিসি এবং গার্লগাইড দল গঠনপূর্বক নিয়মিত কার্যক্রম অব্যাহত রাখা।

উক্ত ক্রীড়া সূচি এবং কর্মপরিকল্পনা তাঁর আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানের নিকট প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/০৮/২০২১

(মোঃ আক্তারুজ্জামান ভূঞা)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
এবং
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।
ফোন+ফ্যাক্স: ০২-৯৫৫৬৮৪৮।
Email: ddphysical@gmail.com

জেলা শিক্ষা অফিসার (সকল)
..................................

স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৫৭.২২.১৫/৭৫২(১৪)/৭৫০ তারিখ ২৮/০৮/২০২১খ্রি:

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

০১। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ দিনাজপুর/ময়মনসিংহ/ মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
০২। জেলা প্রশাসক (সকল)।
০৩। উপজেলা চেয়ারম্যান (সকল)।
০৪। উপপরিচালক,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।
০৫। জেলা শিক্ষা অফিসার (সকল)।
১৩। সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস. সেল মাউশি অধিদপ্তর, ঢাকা (মাউশির ওয়েব সাইটে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের Massage Communication -এ প্রকাশের অনুরোধসহ)।
০৬। বিদ্যালয় পরিদর্শক/পরিদর্শিকা,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/ বরিশাল/ ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।
০৭। সহকারী বিদ্যালয় পরিদর্শক/পরিদর্শিকা,মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ খুলনা/চট্টগ্রাম/ সিলেট/ বরিশাল/ ময়মনসিংহ/ রংপুর অঞ্চল।
০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)।
০৯। শারীরিক শিক্ষা অফিসার, ঢাকা /রাজশাহী/কুমিল্লা/ যশোর/চট্টগ্রাম/ সিলেট/বরিশাল/দিনাজপুর/ ময়মনসিংহ/মাদ্রাসা শিক্ষা বোর্ড/ কারিগরি শিক্ষা বোর্ড,ঢাকা।
১৫। সংরক্ষণ নথি।

২৮/০৮/২০২১

(মোঃ আক্তারুজ্জামান ভূঞা)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
এবং
সম্পাদক
বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা ক্রীড়া সমিতি।
ফোন+ফ্যাক্স: ০২-৯৫৫৬৮৪৮।
Email: ddphysical@gmail.com